# বাংলাদেশ জুট মিলস্ কর্পোরেশেন

আদমজীকোর্ট, মতিঝিল, ঢাকা।

## বিজেএমসি'র নিয়ন্ত্রাধীন মিলসমূহের মেশিন, ক্যানাবলাইজড মেশিন, ভান্ডারের প্রচলিত-অপ্রচলিত এবং স্ক্র্যাপ মালামাল বিক্রয়ের নির্দেশিকা-২০২৫।

### ১। ভূমিকা:

জাতীয়করণকৃত জুট মিলসমূহ নিয়ন্ত্রণ, পরিদর্শন ও সমন্বয়ের লক্ষ্যে বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান (রাষ্ট্রীয়করণ) আদেশ, ১৯৭২ (রাষ্ট্রপতির আদেশ নং ২৭, ১৯৭২) অনুসারে বাংলাদেশ জুট মিলস্ কর্পোরেশন (বিজেএমসি) প্রতিষ্ঠিত হয়। বর্তমানে বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন, ২০১৮ এর বিধি-বিধান অনুসারে পরিচালিত হচ্ছে। চেয়ারম্যান ও পরিচালকদের সমন্বয়ে বোর্ড অব ডিরেক্টরস কর্তৃক বিজেএমসি পরিচালিত হয়। বর্তমানে এ সংস্থার অধীনে ৩টি নন জুট ও ২২ টি জুট মিলসহ সর্বমোট ২৫টি মিল রয়েছে। ঢাকা অঞ্চলে ৭টি, চট্টগ্রাম অঞ্চলে ৯টি এবং খুলনা অঞ্চলে ৯টি মিল রয়েছে। সরকারি সিদ্ধান্ত মোতাবেক ০১ জুলাই ২০২০ তারিখে বাংলাদেশ জুট মিলস্ কর্পোরেশনের (বিজেএমসি) নিয়ন্ত্রাধীণ ২৫টি মিলের উৎপাদন কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়। এ ২৫টি মিলের মধ্যে ২০টি মিল বেসরকারি ব্যবস্থাপনায় ইজারা/লিজভিত্তিতে পরিচালনার জন্য সরকারি সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সে মোতাবেক সরকার কর্তৃক প্রণীত ToR ও মৌলনীতির আলোকে মিলসমূহ লিজ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ToR এর অনুচ্ছেদ নম্বর- ৩.৩.৬ অনুযায়ী লিজ গ্রহীতা প্রতিষ্ঠানসমূহ নতুনভাবে আধুনিক মেশিন/মেশিনারীজ স্থাপনের নিমিত্ত মিলসমূহে বিদ্যমান মেশিন/মেশিনারীজ অপসারণের জন্য অনুরোধ করে। অপসারণকৃত মেশিন/মেশিনারীজ রাখার/সংরক্ষণ করার মত উপযুক্ত স্থান মিলগুলিতে নেই এবং দীর্ঘদিন পড়ে থাকলে মরিচা ধরে মেশিন/মেশিনগুলি নষ্ট হয়ে যাবে। এছাড়া সময়ের বাস্তবতায় মিলের অন্যান্য স্ক্র্যাপ, ভান্ডারের প্রচলিত-অপ্রচিলত মালামাল বিক্রি করতে হয়। সে লক্ষ্যে বিভিন্ন সময়ে কমিটি গঠনের মাধ্যমে রিজার্ভ দর নির্ধারণ করে উন্মুক্ত দরপত্র আহবান এর মাধ্যমে বিজেএমসি বোর্ড সভা/ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনের নিরিখে বিক্রি করা হচ্ছে। তবে মালামালগুলো বিক্রির কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে সুনির্দিষ্ট এবং সময়ের প্রয়োজনে একটি নির্দশিকা প্রয়োজন মর্মে প্রতীয়মান হয়। সে লক্ষ্যে গত ১৩ জানুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিত বিজেএমসি'র বোর্ড সভা নম্বর-০২/২৫ এর আলোচ্যসূচি ৮(বিবিধ) এ একটি নির্দেশিকা প্রণয়নের বিষয়ে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। বোর্ড সভার সিদ্ধান্তের আলোকে এ নির্দেশিকাটি কমিটি কর্তৃক প্রণয়ন করা হলো। যা বিজেএমসি'র নিয়ন্ত্রাধীন মিলসমূহের মেশিন, ক্যানাবলাইজড মেশিন, ভান্ডারের প্রচলিত-অপ্রচলিত এবং স্ক্র্যাপ মালামাল বিক্রয় নির্দেশিকা-২০২৫ নামে অভিহিত হবে।

### ২। সংজ্ঞা:

(০১)**"বিজেএমসি"** অর্থ বাংলাদেশ জুট মিলস্ করপোরেশন যা Bangladesh Industrial Enterprises (Nationalization) Order, 1972 (রহিতকৃত) এর ক্ষমতাবলে প্রতিষ্ঠিত একটি স্ব-শাসিত প্রতিষ্ঠান যা বর্তমানে পরিবর্তন হয়ে বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন, ২০১৮ নামে অভিহিত।

(০২)**"বিজেএমসি পরিচালনা পর্ষদ"** অর্থ বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন, ২০১৮ এর ৬ ধারা বলে গঠিত বিজেএমসি পরিচালনা পর্ষদ।

জিয়াউল হক ভূঁঞা
মহাব্যবস্থাপক (পরিকল্পনা)
বিজেএমসি, ঢাকা।

(০৩) **“চেয়ারম্যান”** অর্থ বিজেএমসি’র চেয়ারম্যান।

(০৪) **“পরিচালক”** অর্থ বিজেএমসি’র পরিচালক।

(০৫) **“জুট মিল/নন জুট মিল”** অর্থ বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন, ২০১৮ এর প্রথম তফশিল, ধারা ৩(১)(ক) এ বর্ণিত বিজেএমসি’র নিয়ন্ত্রণাধীন জুট মিল/নন জুট মিলসমূহ।

(০৬) **“আঞ্চলিক কার্যালয়”** অর্থ বিজেএমসি’র ঢাকা, চট্টগ্রাম ও খুলনা আঞ্চলিক কার্যালয়।

(০৭) **“মেশিন”** অর্থ বিজেএমসি’র নিয়ন্ত্রণাধীন মিলসমূহে স্থাপিত মেশিনসমূহ।

(০৮) **“ক্যানাবলাইজড মেশিন”** অর্থ মিলের ব্যবহার অনুপযোগী মেশিন।

(০৯) **“ভান্ডার মালামাল”** অর্থ মিলসমূহের ভান্ডারে রক্ষিত মালামাল।

(১০) **“লিজ গ্রহীতা”** অর্থ বিজেএমসি’র আওতাধীন মিলসমূহের লিজ গ্রহণকারী প্রতিষ্ঠান।

(১১) **“প্রকল্প প্রধান”** অর্থ বিজেএমসি’র নিয়ন্ত্রণাধীন মিলসমূহের প্রধান নির্বাহী কর্মকর্তা।

(১২) **“কমিটি”** বিজেএমসি ও মিল কর্তৃপক্ষের দ্বারা গঠিত যে কোন কমিটি।

(১৩) **“আবেদন”** অর্থ লিজ গ্রহীতা বা অন্য কোন পক্ষের লিখিত আবেদন।

(১৪) **“স্ক্র্যাপ মালামাল”** অর্থ এতদসংক্রান্ত গঠিত কমিটি কর্তৃক প্রস্তাবকৃত এবং বিজেএমসি বোর্ড/বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত স্ক্র্যাপ মালামাল।

**(১৫) “অপ্রচলিত মালামাল”** অর্থ সময়ের ব্যবধানে যে মালামাল মিলের উৎপাদন কাজে ব্যবহারযোগ্য নয়, কিন্তু মিলের স্টোরে রক্ষিত আছে, সে সমস্ত মালামাল।

**(১৬) “দরপত্র উন্মুক্তকরণ কমিটি”** অর্থ মালামাল বিক্রির জন্য মিলকর্তৃক আহবানকৃত দরপত্রের বিপরীতে প্রাপ্ত দরপত্র/দরপত্রসমূহ উন্মুক্তকরণের জন্য মিল/বিজেএমসি কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটি।

**(১৭) “মূল্যায়ন কমিটি”** অর্থ মালামাল বিক্রির জন্য মিলকর্তৃক আহবানকৃত দরপত্রের বিপরীতে প্রাপ্ত দরপত্র/দরপত্রসমূহ মূল্যায়নের জন্য মিল/বিজেএমসি কর্তৃপক্ষ কর্তৃক গঠিত মূল্যায়ন কমিটি।

**(১৮) “ডেলিভারি কমিটি”** অর্থ কার্যাদেশ প্রদত্ত মালামাল ক্রেতাকে ওজন করে ডেলিভারি দেয়ার জন্য মিল/ বিজেএমসি কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটি।

**(১৯) “বিক্রয়াদেশ”** অর্থ ক্রেতার অনুকূলে মিল কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত কার্যাদেশ।

**(২০) “রিজার্ভ দর/প্রাক্কলিত দর”** অর্থ নির্ধারিত কমিটি কর্তৃক সুপারিশকৃত বস্ত্র ও পাট মন্ত্রণালয়/বিজেএমসি পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত দর।

সভা নং-৩/২০২৫
সভার তারিখঃ ১৭/০৪/২৫ খ্রিঃ
সিদ্ধান্ত নং- ০৭/২০২৫

জিয়াউল হক ভূঁইয়া
ব্যবস্থাপক (পরিকল্পনা)
বিজেএমসি, ঢাকা।

৩। লক্ষ্য:

বিজেএমসি তথা সরকারের স্বার্থ সংরক্ষণের জন্য একটি বিধিবদ্ধ নিয়মের আওতায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও প্রতিযোগিতামূলক পন্থায় মিলসমূহের মেশিন, ক্যানাবলাইজড মেশিন, স্ক্র্যাপ, ভান্ডারে রক্ষিত প্রচলিত, অপ্রচলিত মালামাল বিক্রি সুনিশ্চিত করা।

৪। উদ্দেশ্য:

**৪.০১-** লিজ গ্রহীতার আবেদনের প্রেক্ষিতে লিজকৃত মিলগুলি উৎপাদন কার্যক্রম দ্রুত চালুর লক্ষ্যে/প্রয়োজনার্থে পুরাতন মালামাল, মেশিন, ক্যানাবলাইজড মেশিন, মিলের প্রয়োজনে ভান্ডারের প্রচলিত-অপ্রচলিত এবং স্ক্র্যাপ মালামাল আপসারণ ও বিক্রয় কার্যক্রমে গতিশীলতা আনয়ন করা;

**৪.০২-** মিলসমূহের মেশিন, ক্যানাবলাইজড মেশিন, স্ক্র্যাপ, ভান্ডারে রক্ষিত প্রচলিত ও অপ্রচলিত মালামাল এর শ্রেণিবিন্যাস, রিজার্ভ দর নির্ধারণ, পুনঃরিজার্ভ দর নির্ধারণ, স্বচ্ছ প্রক্রিয়ায় দরপত্র আহবান, পুনঃদরপত্র আহবান, দরপত্র মূল্যায়ন, বিক্রয়াদেশ জারি এবং ডেলিভারি প্রদানসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা।

**৫। মেশিনের বর্তমান অবস্থা, প্রাক্কলিত মূল্য/রিজার্ভ দর ইত্যাদি সরেজমিন নির্ধারণ কমিটি:**

ইজারাকৃত মিলসমূহের কর্তৃপক্ষের নিকট হতে প্রস্তাব/আবেদন প্রাপ্তির পর মেশিন, ক্যানাবলাইজড মেশিন, ভান্ডারের প্রচলিত-অপ্রচলিত এবং স্ক্র্যাপ মালামাল সরেজমিন পরিদর্শন করে মিলের প্রয়োজনে ব্যবহারযোগ্য কি না তার শ্রেণিভিত্তিক প্রতিবেদন প্রস্তুত এবং ব্যবহার অযোগ্য মেশিনারিজ তালিকাভুক্ত ও শ্রেণিবিন্যাস করত বাস্তবতার আলোকে রিজার্ভ মূল্য নির্ধারণ করার লক্ষ্যে বিজেএমসি থেকে তিন অঞ্চলের জন্য তিনটি আঞ্চলিক কমিটি গঠন করা হবে। কমিটি নিম্নরুপ:

**কমিটি-ক (ঢাকা অঞ্চলের মিলগুলির জন্য)**

| ক্র. | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে দায়িত্ব |
|---|---|---|
| ০১ | একজন মহাব্যবস্থাপক, বিজেএমসি, ঢাকা; | আহবায়ক |
| ০২ | ঢাকা অঞ্চলের একজন সিনিয়র প্রকল্প প্রধান; | সদস্য |
| ০৩ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ০১ (এক) জন প্রতিনিধি; | সদস্য |
| ০৪ | সংশ্লিষ্ট মিলের একজন উপ মহাব্যবস্থাপক অথবা ব্যবস্থাপক (উৎপাদন/পাট/মান নিয়ন্ত্রণ/মেকানিক্যাল/সিভিল/বিদ্যুৎ/ভান্ডার); | সদস্য |
| ০৫ | সংশ্লিষ্ট মিলের উপ মহাব্যবস্থাপক অথবা ব্যবস্থাপক (হিসাব ও অর্থ); | সদস্য |
| ০৬ | প্রকৌশল বিষয়ে কারিগরী জ্ঞানসম্পন্ন ০১ (এক) জন বর্হিসদস্য; | সদস্য |
| ০৭ | অন্য মিলের একজন ব্যবস্থাপক অথবা উপ ব্যবস্থাপক (মেকানিক্যাল/ বিদ্যুৎ/ সিভিল)। | সদস্য |

সভার নং- ০৭/২০২৫
সভার তারিখ- ১৭/০৪/২৫ খ্রিঃ
সিদ্ধান্ত নং- ০৭/২০২৫

জিয়াউল হক ভূঁইয়া
মহাব্যবস্থাপক (পরিকল্পনা)
বিজেএমসি, ঢাকা।

**কমিটি-খ (চট্টগ্রাম অঞ্চলের মিলগুলির জন্য)**

| ক্র. | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে দায়িত্ব |
|---|---|---|
| ০১ | একজন মহাব্যবস্থাপক, বিজেএমসি, ঢাকা; | আহবায়ক |
| ০২ | চট্টগ্রাম অঞ্চলের একজন সিনিয়র প্রকল্প প্রধান; | সদস্য |
| ০৩ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ০১ (এক) জন প্রতিনিধি; | সদস্য |
| ০৪ | সংশ্লিষ্ট মিলের একজন উপ মহাব্যবস্থাপক অথবা ব্যবস্থাপক (উৎপাদন/পাট/মান নিয়ন্ত্রণ/মেকানিক্যাল/সিভিল/বিদ্যুৎ/ভান্ডার); | সদস্য |
| ০৫ | সংশ্লিষ্ট মিলের উপ মহাব্যবস্থাপক অথবা ব্যবস্থাপক (হিসাব ও অর্থ); | সদস্য |
| ০৬ | যান্ত্রিক প্রকৌশল বিষয়ে কারিগরী জ্ঞানসম্পন্ন ০১ (এক)জন বহিঃসদস্য; | সদস্য |
| ০৭ | অন্য মিলের একজন ব্যবস্থাপক অথবা উপ ব্যবস্থাপক (মেকানিক্যাল/বিদ্যুৎ/সিভিল)। | সদস্য |

**কমিটি-গ (খুলনা অঞ্চলের মিলগুলির জন্য)**

| ক্র. | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে দায়িত্ব |
|---|---|---|
| ০১ | একজন মহাব্যবস্থাপক, বিজেএমসি, ঢাকা; | আহবায়ক |
| ০২ | খুলনা অঞ্চলের একজন সিনিয়র প্রকল্প প্রধান; | সদস্য |
| ০৩ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ০১ (এক) জন প্রতিনিধি; | সদস্য |
| ০৪ | সংশ্লিষ্ট মিলের একজন উপ মহাব্যবস্থাপক অথবা ব্যবস্থাপক (উৎপাদন/পাট/মান নিয়ন্ত্রণ/মেকানিক্যাল/সিভিল/বিদ্যুৎ/ভান্ডার); | সদস্য |
| ০৫ | সংশ্লিষ্ট মিলের উপ মহাব্যবস্থাপক অথবা ব্যবস্থাপক (হিসাব ও অর্থ); | সদস্য |
| ০৬ | প্রকৌশল বিষয়ে কারিগরী জ্ঞানসম্পন্ন ০১ (এক)জন বহিঃসদস্য; | সদস্য |
| ০৭ | অন্য মিলের একজন ব্যবস্থাপক অথবা উপ ব্যবস্থাপক (মেকানিক্যাল/বিদ্যুৎ/সিভিল)। | সদস্য |

**বি.দ্র.-প্রয়োজনে এ সংশ্লিষ্ট ব্যক্তি ও ব্যক্তিবর্গকে কমিটিতে কো-অপ্ট করা যাবে।**

**কমিটির কার্য-পরিধি:**

কমিটি মিলের প্রকল্প প্রধান অথবা ইজারাদার এর নিকট হতে প্রস্তাব/আবেদন প্রাপ্তির পর স্ক্র্যাপ ও মেশিনারিজ সরেজমিন পরিদর্শন করে মেশিনগুলো বর্তমানে কি অবস্থায় রয়েছে এবং সেগুলো ব্যবহারযোগ্য কি না তা পর্যালোচনাপূর্বক ব্যবহারের উপযোগিতা নির্ণয় করে শ্রেণিভিত্তিক প্রতিবেদন প্রস্তুত করবে। এছাড়া, সকল মেশিন ও অন্যান্য মালামাল তালিকাবদ্ধ ও শ্রেণিবিন্যাস করত বাস্তবতার আলোকে রিজার্ভ মূল্য নির্ধারণ করে দ্রুততম সময়ে সুপারিশসহ চেয়ারম্যান,বিজেএমসি বরাবর প্রতিবেদন দাখিল করবে এবং বিক্রয়ের ক্ষেত্রে মিলকে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করবে।

**৬। মেশিনের বর্তমান অবস্থা, প্রাক্কলিত মূল্য/রিজার্ভ দর ইত্যাদি সরেজমিন পুনঃনির্ধারণ কমিটি:**

কোন কারণে মেশিন, ক্যানাবলাইজড মেশিন, ভান্ডারের প্রচলিত-অপ্রচলিত এবং স্ক্র্যাপ মালামালের রির্জাভ দর/মূল্য পুনঃনির্ধারণের প্রয়োজন হলে রিজার্ভ দর/মূল্য পুনঃনির্ধারণের জন্য কমিটি গঠন করা হবে। কমিটি নিম্নরুপ-

| ক্র. | কর্মকর্তার নাম , পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে দায়িত্ব |
|---|---|---|
| ০১ | একজন মহাব্যবস্থাপক, বিজেএমসি, ঢাকা; | আহবায়ক |
| ০২ | আঞ্চলিক সমন্বয়কারী কর্মকর্তা (আরসিও) সংশ্লিষ্ট অঞ্চল, বিজেএমসি; | সদস্য |
| ০৩ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ০১ (এক) জন প্রতিনিধি; | সদস্য |
| ০৪ | সংশ্লিষ্ট অঞ্চলের অন্য কোন প্রতিষ্ঠানের ০১ (এক) জন প্রতিনিধি (বিজেএমসি কর্তৃক মনোনীত); | সদস্য |
| ০৫ | সংশ্লিষ্ট অঞ্চলের একজন উপ মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক (যান্ত্রিক/ভান্ডার), (বিজেএমসি কর্তৃক মনোনীত); | সদস্য |
| ০৬ | সংশ্লিষ্ট মিলের যান্ত্রিক/বিদ্যুৎ বিভাগের ০১ (এক) জন প্রতিনিধি (বিজেএমসি কর্তৃক মনোনীত); | সদস্য |
| ০৭ | উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক (যান্ত্রিক/বিদ্যুৎ), পরিকল্পনা বিভাগ, বিজেএমসি, ঢাকা। | সদস্য-সচিব |

**বি.দ্র.-প্রয়োজনে এ সংশ্লিষ্ট ব্যক্তি ও ব্যক্তিবর্গকে কমিটিতে কো-অপ্ট করা যাবে।**

**কমিটির কার্য-পরিধি:**

রিজার্ভ দর নির্ধারণের জন্য গঠিত আঞ্চলিক কমিটির প্রতিবেদন অনুযায়ী আইটেমসমূহের (মেশিন, ক্যাবলাইজড মেশিন, ভান্ডারের প্রচলিত-অপ্রচলিত ও স্ক্র্যাপ মালামাল) রিজার্ভ দর বাস্তবতার আলোকে পুনঃনির্ধারণ করে এতদসংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন চেয়ারম্যান, বিজেএমসি বরাবর দাখিল করবে।

**৭। দরপত্র উন্মুক্তকরণ কমিটি:**

মিলসমূহের পুরাতন মেশিন, ক্যানাবলাইজড মেশিন, ভান্ডারের প্রচলিত-অপ্রচলিত ও স্ক্র্যাপ মালামাল বিক্রির নিমিত্ত আহবানকৃত দরপত্রের বিপরীতে প্রাপ্ত দরপত্রসমূহ উন্মুক্ত করার নিমিত্ত মিল কর্তৃপক্ষ কর্তৃক কমিটি গঠন করা হবে। কমিটি নিম্নরুপ-

| ক্র. | কর্মকর্তার নাম , পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে দায়িত্ব |
|---|---|---|
| ০১ | সংশ্লিষ্ট মিলের হিসাব ও অর্থ বিভাগীয়; | আহবায়ক |
| ০২ | সংশ্লিষ্ট মিলের যান্ত্রিক/বিদ্যুৎ/ভান্ডার বিভাগীয় প্রধান; | সদস্য |
| ০৩ | সংশ্লিষ্ট মিলের উৎপাদন বিভাগীয় প্রধান; | সদস্য |
| ০৪ | সংশ্লিষ্ট মিলের প্রশাসন বিভাগীয় প্রধান। | সদস্য সচিব |

**বি.দ্র.-প্রয়োজনে এ সংশ্লিষ্ট ব্যক্তি ও ব্যক্তিবর্গকে কমিটিতে কো-অপ্ট করা যাবে।**

**কমিটির কার্য-পরিধি:** উন্মুক্তকরণ কমিটি পুরাতন মেশিন, ক্যানাবলাইজড মেশিন, ভান্ডারের প্রচলিত-অপ্রচলিত ও স্ক্র্যাপ মালামাল বিক্রির নিমিত্ত প্রাপ্ত দরপত্রসমূহ যথাযথ প্রক্রিয়ায়, বিদ্যমান আইন ও বিধি-বিধানের আলোকে উন্মুক্তকরণসহ একটি তুলনামূলক বিবরণী প্রস্তুত করবে।

৮। কেন্দ্রিয় মূল্যায়ন কমিটি:

মিলকর্তৃক আহবানকৃত দরপত্রসমূহ কেন্দ্রিয়ভাবে মূল্যায়ন করা হবে। সে ক্ষেত্রে মেশিন, ক্যানাবলাইজড মেশিন, ভান্ডারের প্রচলিত-অপ্রচলিত মালামাল এবং স্ক্র্যাপ মালামাল বিক্রির দরপত্র মূল্যায়নের জন্য নিম্নোক্তভাবে একটি কেন্দ্রিয় কমিটি গঠন করা হবে। কমিটি নিম্নরুপ-

| ক্রঃনং | কর্মকর্তার নাম , পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে দায়িত্ব |
|---|---|---|
| ০১ | মুখ্য পরিচালন কর্মকর্তা, বিজেএমসি, ঢাকা; | আহবায়ক |
| ০২ | মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), বিজেএমসি, ঢাকা; | সদস্য |
| ০৩ | মহাব্যবস্থাপক (পরিকল্পনা), বিজেএমসি, ঢাকা; | সদস্য |
| ০৪ | বস্ত্র  ও পাট মন্ত্রণালয়ের ০১ (এক) জন প্রতিনিধি; | সদস্য |
| ০৫ | প্রকৌশল বিষয়ে কারিগরী জ্ঞানসম্পন্ন ০১ (এক)জন বর্হিসদস্য; | সদস্য |
| ০৬ | সংশ্লিষ্ট মিলের হিসাব ও অর্থ বিভাগীয় প্রধান; | সদস্য |
| ০৭ | সংশ্লিষ্ট মিলের প্রকল্প প্রধান। | সদস্য-সচিব |

**বি.দ্র.-প্রয়োজনে এ সংশ্লিষ্ট ব্যক্তি ও ব্যক্তিবর্গকে কমিটিতে কো-অপ্ট করা যাবে।**

**কমিটির কার্য-পরিধি:**

মিলসমূহের পুরাতন মেশিন, ক্যানাবলাইজড মেশিন, ভান্ডারের প্রচলিত-অপ্রচলিত ও স্ক্র্যাপ মালামাল বিক্রির নিমিত্ত মিল হতে প্রাপ্ত দরপত্রসমূহ যথাযথ প্রক্রিয়ায়, বিদ্যমান আইন ও বিধি-বিধানের আলোকে মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করে এতদসংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন/কার্যবিবরণী বোর্ডের অনুমোদনের নিমিত্ত চেয়ারম্যান, বিজেএমসি বরাবর দাখিল করবে।

৯। ডেলিভারি কমিটি:

মিলসমূহের পুরাতন মেশিন, ক্যানাবলাইজড মেশিন, ভান্ডারের প্রচলিত-অপ্রচলিত ও স্ক্র্যাপ মালামাল বিক্রির নিমিত্ত আহবানকৃত দরপত্রের বিপরীতে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান-কে মালামালসমূহ ডেলিভারি দেয়ার নিমিত্ত বিজেএমসি/মিল কর্তৃপক্ষ কর্তৃক কমিটি গঠন করা হবে। কমিটি নিম্নরুপ-

| ক্র. | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে দায়িত্ব |
|---|---|---|
| ০১ | সংশ্লিষ্ট মিলের একজন জ্যেষ্ঠ কর্মকর্তা; | আহবায়ক |
| ০২ | সংশ্লিষ্ট মিলের উৎপাদন/পাট বিভাগীয় প্রধান/বিভাগের অন্য কর্মকর্তা; | সদস্য |
| ০৩ | সংশ্লিষ্ট মিলের নিরাপত্তা বিভাগীয় প্রধান; | সদস্য |
| ০৪ | সংশ্লিষ্ট মিলের প্রশাসন বিভাগীয় প্রধান/বিভাগের অন্য কর্মকর্তা; | সদস্য |
| ০৫ | পার্শ্ববর্তী মিলের যান্ত্রিক/বিদ্যুৎ বিভাগীয় প্রধান; | সদস্য |
| ০৬ | সংশ্লিষ্ট মিলের হিসাববিভাগীয় প্রধান/বিভাগের অন্য কর্মকর্তা; | সদস্য |
| ০৭ | সংশ্লিষ্ট মিলের যান্ত্রিক/বিদ্যুৎ বিভাগীয় প্রধান। | সদস্য সচিব |

**বি.দ্র.-প্রয়োজনে এ সংশ্লিষ্ট ব্যক্তি ও ব্যক্তিবর্গকে কমিটিতে কো-অপ্ট করা যাবে।**

**কমিটির কার্য-পরিধি:** কমিটির সকল সদস্য এবং ক্রেতা/ক্রেতার প্রতিনিধির উপস্থিতিতে মালামালসমূহ ওজন স্কেল দ্বারা পরিমাপ/ওজন করত অথবা সংখ্যার ভিত্তিতে ক্রেতাকে বুঝিয়ে দিবে। কমিটির সকল সদস্য এবং ক্রেতা/ক্রেতার প্রতিনিধি প্রতিদিন যে পরিমাণ মালামাল ডেলিভারি দিবে তার একটি খসড়া প্রতিবেদন প্রস্তুত করবে। সম্পূর্ণ মালামাল ডেলিভারি পরবর্তী চূড়ান্ত প্রতিবেদনে কমিটির সকল সদস্য স্বাক্ষর করে প্রকল্প প্রধান বরাবর ডেলিভারি প্রতিবেদন দাখিল করবে। এছাড়া ডেলিভারির সময়ে কোন সমস্যা পরিলক্ষিত হলে ডেলিভারি কমিটি বিষয়টি তাৎক্ষনিকভাবে প্রকল্প প্রধান-কে অবহিত করবে।

**১০। রিজার্ভ দর নির্ধারণী, পুনঃরিজার্ভ দর নির্ধারণী ও কেন্দ্রিয় মূল্যায়ন কমিটির সদস্যদের সম্মানি:**

**১০.০১** বিজেএমসি'র নিয়ন্ত্রাধীণ মিলসমূহের মেশিন, ক্যানাবলাইজড মেশিন, ভান্ডারের প্রচলিত-অপ্রচলিত মালামাল এবং স্ক্র্যাপ মালামালের রিজার্ভ দর নির্ধারণের জন্য গঠিত তিনটি আঞ্চলিক কমিটি এবং রিজার্ভ দর পুনঃনির্ধারণ কমিটি সদস্যদের কর্তৃপক্ষের অনুমোদনের আলোকে সম্মানিভাতা প্রদান করা যাবে;

**১০.০২** বিজেএমসি'র নিয়ন্ত্রাধীন মিলসমূহের মেশিন, ক্যানাবলাইজড মেশিন, ভান্ডারের প্রচলিত-অপ্রচলিত মালামাল এবং স্ক্র্যাপ মালামালের দরপত্র উন্মুক্তকরণ, দরপত্র মূল্যায়নের জন্য গঠিত কেন্দ্রিয় মূল্যায়ন কমিটির প্রত্যেক সদস্যকে প্রতিটি মিলের আহবানকৃত দরপত্র মূল্যায়নের নিমিত্ত (পিপিআর-এর অনুরূপ) কর্তৃপক্ষের অনুমোদনের আলোকে সম্মানিভাতা প্রদান করা যাবে।

**১১। কমিটির প্রতিবেদন বিজেএমসি কর্তৃপক্ষের নিকট/বোর্ড সভায় উপস্থাপন ও অনুমোদন পরবর্তী মিলে প্রেরণ:**

**১১.০১-** তিনটি অঞ্চলের মিলসমূহের মেশিন, ক্যানাবলাইজড মেশিন, স্ক্র্যাপ, ভান্ডারের প্রচলিত-অপ্রচলিত মালামালের রিজার্ভ দর/পূনঃরিজার্ভ দর নির্ধারণী কমিটির প্রতিবেদন প্রাপ্তির পর পরিকল্পনা বিভাগ থেকে প্রাপ্ত প্রতিবেদন যাচাই-বাছাই করে পরিচালক (পরিকল্পনা) এঁর মাধ্যমে চেয়ারম্যান এঁর বরাবর উপস্থাপন করবে। চেয়ারম্যান এঁর সিদ্ধান্ত প্রাপ্তির পর পরিকল্পনা বিভাগ থেকে কার্যপত্র প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) বিজেএমসি বোর্ড সভায় উপস্থাপন করবে;

**১১.০২-** বিজেএমসি পরিচালনা পর্ষদ উপস্থাপিত কার্যপত্র, কমিটির প্রতিবেদন ইত্যাদি যাচাই-বাছাই করে যে সকল মেশিন-মেশিন হিসেবে বিক্রি হবে সেগুলি এবং যে সকল মেশিন (পুরাতন ব্যবহার অযোগ্য) মেশিন হিসেবে বিক্রির সুযোগ নেই, সেগুলি স্ক্র্যাপ ঘোষণা ও বিক্রি করার জন্য প্রস্তাব গ্রহণ করবে এবং তা চূড়ান্ত অনুমোদনের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

**১১.০৩-** যাবতীয় স্ক্র্যাপ, ভান্ডারের প্রচলিত ও অপ্রচলিত মালামালের রিজার্ভ দর, অনুমোদন ও বিক্রির বিষয়ে বিজেএমসি'র বোর্ড সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে;

**১১.০৪-** বস্ত্র ও পাট মন্ত্রণালয়/বিজেএমসি পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত/অনুমোদন প্রাপ্তির পর পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা বিভাগ থেকে সংশ্লিষ্ট মিল কর্তৃপক্ষ-কে পত্রের মাধ্যমে অবহিত করবে।

সভা নং-০৭/২০২৫
সভার তারিখ-২৭/৮/২৫ খ্রি:
সিদ্ধান্ত নং-০৭/২০২৫

জিয়াউল হক ভূঁইয়া
ব্যবস্থাপক (পরিকল্পনা)
বিজেএমসি, ঢাকা।

**১২। দরপত্র আহবান ও উন্মুক্তকরণ:**

**১২.০১-** বস্ত্র ও পাট মন্ত্রণালয়/বিজেএমসি পরিচালনা পর্ষদ/বিজেএমসি'র চেয়ারম্যান এঁর অনুমোদন প্রাপ্তির পর মেশিন, ক্যানাবলাইজড মেশিন, স্ক্র্যাপ মালামাল, ভান্ডারের প্রচলিত-অপ্রচলিত মালামাল বিক্রির জন্য সংশ্লিষ্ট মিল থেকে দরপত্র আহবান করা হবে;

**১২.০২-** প্রাপ্ত দরপত্রসমূহ উন্মুক্তকরণের নিমিত্ত সংশ্লিষ্ট মিল থেকে অনুচ্ছেদ ৭.০০ এ বর্ণনানুযায়ী উন্মুক্তকরণ কমিটি গঠন করা হবে।

**১৩। দরপত্র মূল্যায়ন কমিটির সভা:**

**১৩.০১-** বস্ত্র ও পাট মন্ত্রণালয়/বিজেএমসি পরিচালনা পর্ষদ/বিজেএমসি'র চেয়ারম্যান এর অনুমোদন প্রাপ্তির পর মেশিন, ক্যানাবলাইজড মেশিন,স্ক্র্যাপ মালামাল, ভান্ডারের প্রচলিত-অপ্রচলিত মালামাল বিক্রির জন্য সংশ্লিষ্ট মিল থেকে দরপত্র আহবান করা হবে। আহবানকৃত দরপত্রসমূহ বিজেএমসি থেকে গঠিত কেন্দ্রিয় কমিটি কর্তৃক মূল্যায়ন করা হবে;

**১৩.০২-** দরপত্র মূল্যায়ন কমিটির সভায় ৭(সাত) জন সদস্যের মধ্যে ন্যূনতম ১ (এক) জন বহিঃসদস্যসহ কমপক্ষে ৫ (পাঁচ) জন সদস্যের উপস্থিতি আবশ্যক হবে;

**১৩.০৩-** দরপত্র মূল্যায়নে দরপত্র ও সিডিউলের শর্তাবলী বিবেচনা করতে হবে এবং উদ্ধৃত দরে কোন প্রকার গাণিতিক ভুল থাকলে তা সংশোধন করা যাবে, এ ক্ষেত্রে উদ্ধৃত একক দরকে বিবেচনা করতে হবে (মোট দর-কে নয়);

**১৩.০৪-** কমিটি সুপারিশসহ মূল্যায়ন প্রতিবেদন/কার্যবিবরণী বিজেএমসি'র চেয়ারম্যান বরাবর দাখিল করবে। চেয়ারম্যান এঁর সিদ্ধান্ত প্রাপ্তির পর অনুমোদনের নিমিত্ত কার্যপত্র বিজেএমসি বোর্ড সভায় উপস্থাপন করতে হবে;

**১৩.০৫-** বোর্ড সভার অনুমোদনের পর পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা বিভাগ থেকে মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মিলে প্রেরণ করতে হবে।

**১৪। জামানত, বিক্রয় আদেশ জারি ও ডেলিভারি কমিটি:**

**১৪.০১-** মূল্যায়ন প্রতিবেদন বোর্ড সভার অনুমোদন প্রাপ্তির পর সংশিষ্ট মিল থেকে কৃতকার্য দরদাতার অনুকূলে বিক্রয় আদেশ জারি করবে;

**১৪.০২-** বিক্রয়াদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান থেকে মালামালের শতভাগ মূল্য প্রাপ্তি মিল কর্তৃপক্ষ-কে নিশ্চিত করতে হবে;

**১৪.০৩-** মালামালের মূল্য প্রাপ্তির পর মিল থেকে ডেলিভারি কমিটি গঠন করবে এবং কমিটির সদস্যদের উপস্থিতিতে মালামাল ওজন/পরিমাপ করত ক্রেতাকে বুঝিয়ে দিবে;

**১৪.০৪-** ডেলিভারির সময়ে কোন সমস্যা দেখা দিলে কমিটি তাৎক্ষনিকভাবে মিলের প্রকল্প প্রধান অথবা বিজেএমসি কর্তৃপক্ষ-কে অবহিত করবে;

**১৪.০৫-** মিল কর্তৃপক্ষ-কে মালামাল বিক্রির ক্ষেত্রে প্রযোজ্য হারে সরকারি ভ্যাট ও উৎস কর ক্রেতার নিকট থেকে আদায় ও সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত করতে হবে;

**১৪.০৬-** ফেরৎযোগ্য/সমন্বয়যোগ্য হিসেবে মোট উদ্ধৃত দরের ন্যূনতম ১৫% নিরাপত্তা জামানত ক্রেতাকে দরপত্র দাখিলের সময়ে দরপত্রের সাথে ডিডি/পে-অর্ডার আকারে জমা দিতে হবে। জামানত ব্যতীত/চেকের জামানত/ভূয়া জামানতের কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না। জামানতের সঠিকতার বিষয়টি সংশ্লিষ্ট ব্যাংক থেকে মিল কর্তৃপক্ষ যাচাই করবে। কৃতকার্য দরদাতার জামানত মালামালের মূল্যের সমন্বয় করা যাবে। অন্যান্য দরদাতাদের জামানত দরপত্র মূল্যায়নের পরে ফেরৎ দেওয়া যাবে।

**১৫। হেফাজত ও সংরক্ষণ:**

মালামাল বিক্রয় সংক্রান্ত সকল প্রকার চিঠিপত্র, সার্কুলার, বিভিন্ন কমিটির দপ্তরাদেশ, রিজার্ভ দর নির্ধারণী ও পূনঃনির্ধারণী প্রতিবেদন, বোর্ড সভার কার্যবিবরণী, দরপত্র বিজ্ঞপ্তির কপি, দরপত্র সিডিউল, দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন প্রতিবেদন, বিক্রয়াদেশের কপি, ডেলিভারি কমিটির প্রতিবেদন ইত্যাদি সঠিকভাবে ও নিরাপদ স্থানে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

**১৬। অসুবিধা দূরীকরণ:**

এ নির্দেশিকার অংশ বিশেষ বা যে কোন অংশ বা সম্পূর্ণ নির্দেশিকা যথাযথ কর্তৃপক্ষ যে কোন সময়ে সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিমার্জন বা বাতিল করতে পারবে। এ নির্দেশিকা বাস্তবায়নে কোন সমস্যা দেখা দিলে কর্তৃপক্ষের সিদ্ধান্তের আলোকে তা সমাধান করা হবে।

মাহমুদ হাসান
ব্যবস্থাপক (নিরীক্ষা)
বিজেএমসি, ঢাকা
ও
কমিটির সদস্য ।

ইঞ্জি. মোঃ রেজাউল করিম
উপ মহাব্যবস্থাপক (পরিকল্পনা)
বিজেএমসি, ঢাকা
ও
কমিটির সদস্য-সচিব ।

মোঃ ফয়সাল মাহমুদ
উপ মহাব্যবস্থাপক (কস্ট এন্ড বাজেট)
বিজেএমসি, ঢাকা
ও
কমিটির সদস্য ।

জিয়াউল হক ভূঁঞা
মহাব্যবস্থাপক (পরিকল্পনা)
বিজেএমসি, ঢাকা
ও
কমিটির সদস্য ।

মোঃ মামনুর রশিদ
মহাব্যবস্থাপক (প্রশাসন ও সা. সেবা)
বিজেএমসি, ঢাকা
ও
কমিটির আহবায়ক।

সভার নং- ০৭/২০২৫
সভার তারিখ- ১৭/০৪/২৫ খ্রি:
সিদ্ধান্ত নং- ০৭/২০২৫

জিয়াউল হক ভূঁঞা
মহাব্যবস্থাপক (পরিকল্পনা)
বিজেএমসি, ঢাকা।